অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/30/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো আইন স্বাক্ষর করেছেন শিশুদের সুরক্ষার জন্য সনাক্ত করা যায় না এমন বন্দুক নিষিদ্ধ করে এবং ফায়ারআর্ম সেফ স্টোরেজ আইনগুলি সম্প্রসারণ করে

উৎপাদন, বিক্রয়, পরিবহন এবং আগ্নেয়াস্ত্র হেফাজতে রাখাএবং এই ধরনের অস্ত্রেরপ্রধান উপাদান যা একটি মেটাল ডিটেক্টর দ্বারা সনাক্ত করা যায় না, 3D মুদ্রিত বন্দুক সহ

শিশুদের কাছে সুলভ হলে সেই আগ্নেয়াস্ত্র নিরাপদে সংরক্ষণ করা প্রয়োজন বলে আইনকে প্রসারিত করে

গভর্নর কুওমো: "এই পদক্ষেপগুলো নিউ ইয়র্কের সব চেয়ে শক্তিশালী বন্দুক আইন প্রণয়নের উত্তরাধিকারকে অবিরত রাখে শিশুদের হাতের নাগাল থেকে আগ্নেয়াস্ত্র দূরে রাখতে সাহায্য করে এবং 3D মুদ্রিত বন্দুকের মত প্রযুক্তিগত সুবিধাকে স্বীকৃতি দিয়ে এবং তার মোকাবিলা করে।"

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ আইন স্বাক্ষর করেন যা আগ্নেয়াস্ত্র নির্মাণ, বিক্রয়, পরিবহন এবং আগ্নেয়াস্ত্র হেফাজতে রাখা এবং এই ধরনের অস্ত্রের প্রধান উপাদান যা একটি মেটাল ডিটেক্টর দ্বারা অশনাক্তযোগ্য, তা কাছে রাখা, 3D মুদ্রিত বন্দুক সহ, অপরাধ বলে গণ্য করে (S.1414-A/A.0763-A), এবং আগ্নেয়াস্ত্রের নিরাপদভাবে সংরক্ষণ করার আইন সম্প্রসারণ করে সংগ্রহস্থল প্রয়োজন (S.6360/A.8174)। যে সকল ব্যক্তি নিজের জীবন বা অন্যদের পক্ষে একটি বিপদের সম্ভাবনাযুক্ত তাদের আগ্নেয়াস্ত্র কেনাবা কাছে রাখা থেকে বিরত করতে ফেব্রুয়ারি মাসে স্বাক্ষরিত রেড ফ্ল্যাগ বিল (Red Flag Bill) সহ দেশের মধ্যে অগ্রণী নিউ ইয়র্কের সব থেকে শক্তিশালী বন্দুক আইনের উপর ভিত্তি করে এই আইনটি গঠিত, এবং কাল গভর্নর কুওমো আইন স্বাক্ষর করেছেন পশ্চাদপট পরীক্ষা, অপেক্ষার সময় বৃদ্ধি এবং বাম্প স্টক নিষিদ্ধ করে।

"3D বন্দুক এবং ভুলভাবেসংরক্ষিত আগ্নেয়াস্ত্র আমাদের শিশুদের পক্ষে একটি বিরাট ঝুঁকি এবং আজ আমরা উভয় বিপদেরই মোকাবিলা করছি আমাদের পরিবারকে সুরক্ষিত রাখার জন্য", **গভর্নর কুওমো বলেন**। "এই পদক্ষেপগুলো নিউ ইয়র্কের সব চেয়ে শক্তিশালী বন্দুক আইন প্রণয়নের উত্তরাধিকারকে অবিরত রাখে শিশুদের হাতের নাগাল থেকে আগ্নেয়াস্ত্র দূরে রাখতে সাহায্য করে এবং 3D মুদ্রিত বন্দুকের মত প্রযুক্তিগত সুবিধাকে স্বীকৃতি দিয়ে এবং তার মোকাবিলা করে।"

সনাক্ত করা যায় না এমন আগ্নেয়াস্ত্রকে অপরাধ হিসেবে গণ্য করা

সাম্প্রতিক প্রযুক্তিগত উন্নয়ন, যেমন 3-মাত্রিক প্রিন্টার এবং লেজার কাটিং মেশিন, সম্পূর্ণরূপে কর্মক্ষম আগ্নেয়াস্ত্র তৈরি করতে দেয় এমন উপকরণ ব্যবহার করে যা মেটাল ডিটেক্টর দ্বারা সনাক্ত করা যায় না। এই অস্ত্রগুলো জনসাধারণের নিরাপত্তার একটি গুরুতর ঝুঁকি এবং সব নতুন ইয়র্কবাসীদের স্বাস্থ্য এবং সুস্থতাকে বিপন্ন করে। এই পরিমাপ নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখতে সাহায্য করে যে কোন ব্যক্তির জেনেশুনে এই ধরনের অস্ত্র, উত্পাদন, বিক্রয় বা পরিবহন করা নিষিদ্ধ করে নিউ ইয়র্ক স্টেটে।

সেনেটর কেভিন পার্কার বলেন, "বন্দুক সহিংসতা প্রতিরোধ করতে নিউ ইয়র্ক জাতীয় নেতা হতে চলেছে। 3D এবং সনাক্ত করা যায় না এমন বন্দুকের আমাদের রাস্তায় কোন স্থান নেই এবং আমি যে আইন স্পন্সর করেছি তা সবার জন্য নিরাপদ সম্প্রদায় গড়ে তুলবে। আমি গভর্নর কুওমোকে সাধুবাদ জানাই বন্দুক সংক্রান্ত সহিংসতার মহামারী নিরসন করার জন্য তার অঙ্গীকারবদ্ধতার জন্য এবং এই আইনটি স্বাক্ষর করার জন্য তাকে ধন্যবাদ জানাই।"

সংসদ সদস্য টমাস আবিনাটি বলেন, "সনাক্ত করা যায় না এমন বন্দুকের কোনও বৈধ উদ্দেশ্য থাকে না। এটি আরেকটি সাধারণ জ্ঞানের পদক্ষেপ যা সংসদ ও গভর্নরকে বন্দুকের সহিংসতা রুখে দিতে এবং নিউ ইয়র্ক সবার জন্য নিরাপদ করে তুলতে সাহায্য করে।"

নিরাপদ সংরক্ষণ আইন সংশোধন

দেশের সব চেয়ে শক্তিশালী ও নিরাপদ সংরক্ষণের ব্যবস্থা প্রণয়ন করার মাধ্যমে গভর্নর কুওমো নিউ ইয়র্ক স্টেট জুড়ে অপ্রয়োজনীয় বন্দুক সংক্রান্ত সহিংসতা প্রতিরোধে করতে বিরাট পদক্ষেপ গ্রহণ করেছেন। যাই হোক, এখনও পর্যন্ত, আমাদের আইন অনভিপ্রেত-এবং প্রায়সই মারাত্মক কাজ - শিশুদের নাগালের মধ্যে অনিরাপদ স্থানে আগ্নেয়াস্ত্র রাখার-ফলাফলের মোকাবিলা করতে পারেনি। এই পরিমাপ নিশ্চিত করবে যে আগ্নেয়াস্ত্রের মালিকরা নিরাপদে তাদের অস্ত্র মজুদ করে রাখবেন যখন তারা ষোল বছরের কম বয়সী কারো সাথে বসবাস করবেন অথবা জানার কারণ আছে যে ষোল বছরের কম বয়সী কারো দ্বারা ব্যবহারযোগ্য হবে। একই সময়ে, এটি বিদ্যমান আইন অনুযায়ী একটি ফায়ারিং রেঞ্জে অভ্যাস করা বা শিকার করার জন্য ষোল বছরের কম বয়সের,সঠিকভাবে লাইসেন্সপ্রাপ্ত বা তত্বাবধানে থাকা ব্যক্তিদের অনুমতি প্রদান করা অব্যাহত রাখবে। সারাটোগা স্প্রিংসের 12 বছর বয়সী নিকোলাস নৌমকিন, যে তার বন্ধুর হাতে দুঃখজনকভাবে নিহত হয় তারবাবার বন্দুক নিয়ে খেলার সময়, এই আইনকে অনুপ্রাণিত করে।

সিনেটর লিজ ক্রুগার বলেন, "সরকারে আমাদের প্রাথমিক দায়িত্ব হল নিউ ইয়র্কের পরিবারগুলিকে নিরাপদ রাখা। এটা নিছক সাধারণ জ্ঞান যে ছোট বাচ্চাদের বিপজ্জনক অস্ত্রের নাগালথাকা উচিত নয়, এবং কোন দায়িত্বশীল বন্দুকের মালিক দ্বিমত পোষণ করবেন না। আমরা বহু করুণ ফলাফল দেখেছি যখন বাচ্চারা বন্দুক হাতে পায়। এই ধরনের ঘটনাগুলি প্রতিরোধযোগ্য। আজ এই বিলে স্বাক্ষর করার জন্য আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই এবং এই গুরুত্বপূর্ণ পদক্ষেপটি নিচ্ছি যা জীবন রক্ষা করবে এবং নিউইয়র্ক পরিবারকে পূর্ণ রাখবে।"

অ্যাসেম্বলি সদস্য এমি পলিন বলেন, "আমরা যাজানি আমাদের শিশুদের স্বাস্থ্য এবং নিরাপত্তার উপর বাড়িতে একটি বন্দুক থাকার প্রভাব সম্পর্কে, এবং বহু বেদনাদায়ক কাহিনী যখন একজন প্রাপ্তবয়স্ক একটি আগ্নেয়াস্ত্র বিনা তত্বাবধানে ছেড়ে রাকেহ্ন, এই আইন আমাদের বাচ্চাদের নিরাপদ রাখার জন্য অত্যন্ত প্রয়োজনীয়।"

পরিষদ সদস্য মারিয়ান বুটেনসন বলেন, "আমি গভর্নর কুওমোকে এই আইন স্বাক্ষর করার জন্য প্রশংসা করছি যা আমাদের সম্প্রদায় এবং আমাদের শিশুদের নিরাপদ রাখবে। এটা বাধ্যতামূলক যে আমরা আমাদের তরুণদের আগ্নেয়াস্ত্রকে সম্মান করতে শেখাই। দেশব্যাপী বন্দুক সংক্রান্ত হিংসা যখন বেড়েই চলেছে, আমি গর্বিত নিউ ইয়র্ক এই বিষয়গুলির মোকাবিলা করতে আইনি পদক্ষেপ নিয়ে চলেছে। আমি তার নেতৃত্বের জন্য গভর্নর কুওমোকে সাধুবাদ জানাই এবং ভবিষ্যতে অতিরিক্ত আগ্নেয়াস্ত্র নিরাপত্তা আইন নিয়ে তার সাথে কাজ করার জন্য উন্মুখ।"

নিউ ইয়র্ক এগেইন্সট গান ভায়লেন্স (New Yorkers Against Gun Violence, NYAGV) এর নির্বাহী পরিচালক রেবেকা ফিসার বলেন, "আজ, নিউ ইয়র্ক স্টেট আবার এই শক্তিশালী, বিচক্ষণ বন্দুক সহিংসতা প্রতিরোধ আইন দিয়ে আমাদের শিশুদের ও সমাজকে রক্ষা করাকে অগ্রাধিকার দিয়েছে। নিউ ইয়র্ক এগেইন্সট গান ভায়লেন্স নিউ ইয়র্ক রাজ্যে চাইল্ড অ্যাকসেস প্রিভেনশন আইনের জন্য 25 বছর ধরে লড়াই করছে অনিচ্ছাকৃত শুটিং, কিশোর-কিশোরীদের আত্মহত্যা, স্কুলের শুটিং, বন্দুক চুরির ঘটনা আটকাতে। আমরা গভর্নর কুওমো এবং আমাদের নিউ ইয়র্কের আইনপ্রণেতাদের কাছে কৃতজ্ঞ, যাদের ব্যবস্থা নেয়ার এবং জীবন রক্ষাকারী আইন প্রণয়নের সাহস আছে।"

সমগ্র দেশে বন্দুক সহিংসতার সমস্যা ইদানিং কালের অন্যতম দুর্দমনীয় সমস্য। বর্তমানে, বিশ্বের সর্বাধিক উন্নত দেশগুলির মধ্যে মার্কিন যুক্তরাষ্ট্রে আগ্নেয়াস্ত্রের মাধ্যমে নরহত্যার হার সবথেকে বেশি। সাম্প্রতিকতম বছরের জাতীয় তথ্য অনুযায়ী, বন্দুকের মাধ্যমে হত্যার সংখ্যা পঞ্চাশ বছরের মধ্যে সর্বাধিক।

গভর্নর কুওমোর নেতৃত্বে, 2013 সালে নিউ ইয়র্ক সবচেয়ে শক্তিশালী বন্দুক নিয়ন্ত্রণ আইন কার্যকর করেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে নিরাপদ গোলাবারুদ এবং আগ্নেয়াস্ত্র প্রয়োগকরণ (Secure Ammunition and Firearms Enforcement, SAFE) আইন যা নৃশংস অপরাধীদের এবং মানসিকভাবে গুরুতর অসুস্থ মানুষদের কাছে যেন বন্দুক থাকতে না পারে, ব্যক্তিগত বন্দুক বিক্রয় প্রক্রিয়ায় যেন ব্যাকগ্রাউন্ড চেক করা অন্তর্ভুক্ত থাকে, অতিরিক্ত-ধারণক্ষমতাযুক্ত ম্যাগাজিন এবং হামলা করার অস্ত্র যেন নিষিদ্ধ হয়, এবং অবৈধভাবে বন্দুক ব্যবহারের জন্য অপরাধের দণ্ড যেন আরো কঠোর হয় এসব বিষয় নিশ্চিত করে। যে সমস্ত ব্যক্তি তাদের নিজের ও অপরের জীবনের জন্য একটি ঝুঁকির কারণ তারা যাতে একটি আগ্নেয়াস্ত্র ক্রয় করতে না পারেন তার জন্য গভর্নর সম্প্রতি রেড ফ্ল্যাগ বিলও প্রণয়ন করেছেন। নিউ ইয়র্ক হল প্রথম স্টেট যে আদালতের হস্তক্ষেপের মাধ্যমে স্কুলে গুলি চালনা প্রতিরোধ করতে সহায়তা করার জন্য শিক্ষক শিক্ষিকা এবং স্কুল পরিচালকদের ক্ষমতা প্রদান করেছে। এই আইন গার্হস্থ্য নির্যাতন এবং প্রাণঘাতী বন্দুক সহিংসতার মধ্যে সুপরিচিত সংযোগকেও লক্ষীভূত করে।

# # #

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন